

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা জুন ২০০২/২১শে জ্যৈষ্ঠ ১৪০৯

এস, আর, ও, নং ১০৭-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও, ১৭৬-আইন/২০০১, তারিখ ১লা জুলাই, ২০০১ইং মোতাবেক ১৭ই আষাঢ় ১৪০৮বাং দ্বারা দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য দিনাজপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(২৫০১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১লা আষাঢ়, ১৪০৯ বাংলা মোতাবেক ১৫ই জুন, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি বীরগঞ্জ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
সুজালপুর	সুজালপুর	১৬৮	১৮২—২৫৪, ২৫৬—৬৯২, ৬৯৫—৭০০।
	সুজালপুর	১৬৮	৮০১—১৩৯৬, ১৪০৫—১৫৭৫।
	মাকড়াই	১৬৯	১—৩১৫, ৩১৯—৩৫০।
	জগদল	১৬৩	৩০০১—৩২৩৯, ৩২৪১—৩২৬৯।
	কোন্ডরপুর	১৬৭	৩২৬—৩৩১, ৩৩৩, ৩৫২, ৩৫৮—৩৯৬, ৩৯৯—৪০৩, ৪৪৩—৪৫৫, ৪৬০—৪৬২।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।